

রাস্তাটি চলে গেছে বহুদূর...

আদনান সৈয়দ

হাতে হাত রেখে দুটি ছায়া হাতে
কালো পিচে লেগে আছে রোদ্দুর
উদাস হাওয়ায় ঝড়া পাতা উড়ে
যেতে হবে যে সেই বহুদূর!

আমের মুকুলের মৌ মৌ ছাণে
উথাল-পাতাল করে এই মন
আমলকি বনে আগুন লেগেছে
বাতাসে ভেসে থাক সেই ক্ষন ।

হৃদয়ের ভাষা চুপি চুপি করে
কে যেন বলে যায় এই সন্ধ্যায়
প্রেমের বাঁশিটি পুলকিত বাঁজে
ফুলেল হাওয়ায় মৃদ-মন্দায় ।

দুটি ছায়া হাতে হাতে হাত রেখে
চোখ ভরে আছে শুধু স্বপ্ন।
যেতে হবে আজ দূর বহুদূর
প্রকৃতির মাঝে তারা মগ্ন।
(ঢাকা, ১২/৩/২০০৭)

